# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নং- অনুমোদন/ ৪৬৫৯ তারিখ : ২৬/০৮/২০১০

বিষয় : বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মৌলিক শর্তাবলী পূরণ করার প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১০ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

১ আবশ্যিক বিষয় সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান।

২. নৈর্বাচনিক বিষয় সমূহ : পাঠ্যক্রম অনুযায়ী।
যে কোন ৩টি

৩ ঐচ্ছিক বিষয় : ঐ
যে কোন ১টি

**শর্তসমূহ :**

১ নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই ইহা স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।

২। এ পত্র কার্যকর হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।

৩। বিদ্যালয়ের নবম/১০ সনের ছাত্র/ছাত্রীদের নাম রেজিষ্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।

৪ বিদ্যালয়ের কম্পিউটার কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজী ক্যাপিটাল লেটারে লিখে সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিস্ট্রেশন) বরাবরে দাখিল করতে হবে।

৫ এসএসসি পরীক্ষা পাশের ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে প্রথম স্বীকৃতি প্রাপ্তির জন্য বোর্ডের সচিবের অনুকূলে ফি বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকার জমা দেয়ার পর ০১/০১/২০১৫ তারিখ হতে প্রথম স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

৬. স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।

৭ বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।

৮ বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।

৯। বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্যার ব্যবস্থা করতে হবে।

১০। সরকারী নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।

১১। বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট খোলার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে,

স্বাঃ
মোঃ শাহেদুল খবির চৌধুরী
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক
জে.আর.এস. উচ্চ বিদ্যালয়,
পোঃ- নরেন্দ্রপুর, উপজেলা- মনোহরদী,
জেলা- নরসিংদী।

স্মারক নং- ৪৬৫৯ (১১) তারিখ : ২৬/০৮/২০১০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১ মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।

৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা-১২০৬।

৪। জেলা প্রশাসক, নরসিংদী।

৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

৬। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।

৭। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।

৮। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ঢাকা শিক্ষা বোর্ড, কম্পিউটার সেন্টার, ১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা- ১২০৯।

১০। রেজিস্ট্রেশন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১১। অফিস নথি।

২৬.৮.১০

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২২/৯/১০

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নথি নং - বিদ্যালয় শাখা/NARSINGDI/112620/2302020 তারিখঃ ২৩-১২-২০২৩

বিষয়ঃ **বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, J.R.S HIGH SCHOOL-কে ০১-০১-২০২৪ তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতি নবায়ন করা হলো।জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতি নবায়নের জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহঃ

১। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
২। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট থাকতে হবে।
৩। সতন্ত্র বিজ্ঞানাগারসহ বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
৪। সতন্ত্র গ্রন্থাগারসহ বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক সৃজনশীল সম্বলিত আরো ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
৫। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরি এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
৬। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
৭। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে যাবার সুযোগ দিতে হবে।

প্রাপকঃ প্রধান শিক্ষক
J.R.S HIGH SCHOOL
MANOHARDI, NARSINGDI.

চেয়ারম্যানের আদেশক্রমে
স্বাঃ
**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নথি নং - বিদ্যালয় শাখা/NARSINGDI/112620/2302020 তারিখঃ ২৩-১২-২০২৩

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, NARSINGDI.
৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬। জেলা শিক্ষা অফিসার, NARSINGDI.
৭। অফিস কপি।

২৩-১২-২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

এই আদেশটি অনলাইন এপ্লিকেশনের এর মাধ্যমে সম্পন্ন করা হল।